



নং- ০৭/ক/অনু:/২০১১/৪০২

তারিখ : ২৬/০৪/২০২৪

বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর ১৪/০৩/২০২৪ তারিখের মঞ্জুরী কমিটির ৫ম সভা এবং ২৩০তম বোর্ড সভার ৩৮নং সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন “চরটেকী গার্লস স্কুল এন্ড কলেজ” এ শর্তসাপেক্ষে এবং নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ০১/০৭/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৭ তারিখ পর্যন্ত উচ্চমাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

শাখাসমূহ :

১। মানবিক শাখা ২। ব্যবসায় শিক্ষা শাখা

বিষয়সমূহ :

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক শাখা :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৩। সমাজকর্ম
- ৪। ইসলাম শিক্ষা

ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। হিসাব বিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
- ৪। কৃষি শিক্ষা

শর্তসমূহ:

- ০১। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ০২। শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ০৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ০৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ০৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ০৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ০৭। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ০৮। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে।

*m. S. M. M.*

- ০৯। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং- শা: ৪/১০এম ৫০/৮৩/৫৬০ (১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১০। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।
- ১১। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১২। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।
- ১৩। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ১৪। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
  - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
  - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
  - (গ) অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ১৫। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- ১৬। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর মোহাম্মদ আবুল মশহুর-ছাদ্দা  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অধ্যক্ষ

চরটেকী গার্লস স্কুল এন্ড কলেজ

উপজেলা : পাকুন্দিয়া, জেলা - কিশোরগঞ্জ

মেমো নং- ৪৫২ (৫)

তারিখ: ২০/০৪/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত্র, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সভাপতি, গভর্নিং বডি, চরটেকী গার্লস স্কুল এন্ড কলেজ, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৮। অফিস কপি।





কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।